মেহেরপুরে দুর্ঘটনা রোধে মাঠে জেলা প্রশাসনের তিন ম্যাজিস্ট্রেট

সড়ক দুর্ঘটনা রোধে সামাজিক সচেতনতা সৃষ্টি করতে মাঠে নামলেন মেহেরপুর জেলা প্রশাসনের তিন নির্বাহী ম্যাজিস্ট্রেট।

আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) দুপুরের দিকে মেহেরপুর-মহাজনপুর সড়কের সদর উপজেলার রাইপুর গ্রামে এ অভিযান চালান তারা।

মেহেরপুর জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট রিফাত জাহান, আসাদুজ্জামান নুর ও গোলাম রাব্বানী পুলিশকে সাথে নিয়ে এ অভিযান পরিচালনা করেন।

এসময় মোটরাসাইকেলের সাথে বৈধ কাগজপত্র, চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট না থাকায় সড়ক পরিবহন আইন ২০১৮ এর বিভিন্ন ধারায় ৪ জনকে ২০০ টাকা করে মোট ৮০০ টাকা অর্থদন্ড করা হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট গোলাম রাব্বানী বলেন, মোটরাসাইকেল চালানোর সময় অবস্যই মোটরসাইকেলের বৈধ কাগজপত্র সাথে রাখতে হবে। চালকের ড্রাইভিং লাইসেন্স ও হেলমেট বাদে মোটরসাইকেল ড্রাইভিং না করা ও সড়ক আইন মেনে গাড়ি ড্রাইভ করার জন্য সবাইকে অনুরোধ করেন তারা।

মেহেরপুরে ৮ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর ও গাংনী ও মুজিবনগর থানা পুলিশ ও র্যাব-৬ এর গত ২৪ ঘন্টার অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত আসামিসহ ৮ জন গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ২ ও নিয়মিত মামলার ৬ আসামি রয়েছে।

গত সোমবার (২৪ আগষ্ট) থেকে আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) ভোররাত পর্যন্ত তিনটি উপজেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এসব আসামি গ্রেফতার অভিযানে নেতৃত্ব দেন।

এদিকে ২৪ ঘন্টায় তিনটি থানায় ৫ টি মামলা এফআইআর ভূক্ত হয়েছে। এসব মামলার মধ্যে রয়েছে গাংনী থানায় খুনের অভিযোগে একটি, বিস্ফোরক আইনে ১ টি, সদর থানায় মাদক আইনে ২ টি ও অন্যান্য আইনে ১ টি মামলা হয়েছে। এফআইআরভূক্ত এই ৫ টি মামলায় মোট আসামি হয়েছে ২০ জন।

এসময় ২ টি ককটেল বোমা, ১১০ গ্রাম গাঁজা ও ৭ পিচ ইয়াবা জব্দ করেছে।

আজ বৃহস্পতিবার (২৫ আগষ্ট) সকালের দিকে গ্রেফতারকৃত আসামিদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

জীবননগরে ৪ প্রতিষ্ঠানকে ৬২ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার জীবননগরে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি করায় একটি বেকারী এবং মেয়াদউত্তীন্ন ঔষধ বিক্রি করাসহ বৈধ কাগজপত্র দেখাতে না পারায় তিনটি হোমিওপ্যাথী চিকিৎসককে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

গতকাল বুধবার সকাল সাড়ে ১০ টার সময় জীবননগর পৌর শহরের পৃথক পৃথক স্থানে অভিযান চালিয়ে ওই ৪টি প্রতিষ্ঠানকে ৬২ হাজার টাকা জরিমানা করেন জীবননগর উপজেলা নিবাহী অফিসার ও নিবাহী ম্যাজিস্ট্রেট মোঃ আরিফুল ইসলাম।

অভিযান সূত্রে জানা গেছে, জীবননগর পৌর শহরের মেসার্স রানী ফুডে

অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য তৈরি করছে এমন অভিযোগের ভিক্তিত্বে রানী ফুডে অভিযান চালানো হয়। এ সময় রানী ফুডে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার তৈরি,পরিবেশে অধিদপ্তরের অনুমোদন না থাকা এবং লাইসেন্স না থাকায় ভোক্তা অধিকার সংরক্ষন আইন ২০০৯এর ৫৩ধারায় ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

অপরদিকে, মেয়াদউত্তীন ঔষধ বিক্রি করার অপরাধে হোমিও প্রাক্টিস অধ্যাদেশ ১৯৮৩এর ২ ধারায় অনুশক্তি হোমিও চিকিৎসক মুনীর আহম্মেদকে ১হাজার টাকা ,এ আলী হোমিও হলের চিকিৎসক জাব্বার আলীকে ১০হাজার টাকা এবং মাস্টার হোমিও হলের চিকিৎসক মোস্তফা কামালকে ১হাজার টাকা জরিমানা প্রদান করেন।

অভিযানে সার্বিক সহযোগিতা করেন জীবননগর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর মো. আনিসুর রহমান এবং জীবননগর থানা পুলিশের একটি দল। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান জীবননগর উপজেলা নিবাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম।

গাংনীতে শাশুড়ি হত্যা মামলার আসামি ঘাতক বাদশার স্বীকারোক্তিমুলক জবানবন্দী রেকর্ড

গাংনীর করমদি গ্রামের রঙ্গিলা খাতুন হত্যা মামলায় স্বীকারোক্তি দিয়ে ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছে মামলার একমাত্র আসামি সুলতান বাদশা।

বুধবার দুপুরে মেহেরপুর জুডিশীয়াল ম্যাজিস্ট্রেট তারিকুল ইসলামের আদালতে নিলে বিজ্ঞ ম্যাজিস্ট্রেট ১৬৪ ধারায় তার জবানবন্দী রেকর্ড করেন।

গাংনী থানার তদন্ত অফিসার মনোজিত কুমার নন্দী বলেন, সুলতান

বাদশাকে তার শাশুড়ি রঙ্গিলা খাতুন হত্যা মামলায় আটক দেখিয়ে জুডিশীয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে নেয়া হয়।

জবানবন্দীতে তার দোষ স্বীকার করেছে। এর আগে পুলিশের কাছে প্রাথমিক ভাবে তার শাশুড়িকে হত্যার ঘটনা স্বীকার করেছেন।

বাদশা বলেছেন, তার স্ত্রীর সাথে প্রায় ঝগড়া ঝাটি লেগেই থাকতো। কয়েক দিন যাবৎ তাকে (স্ত্রীকে) শশুর বাড়ি থেকে নিজের বাড়ি নিয়ে যেতে চাইলে শাশুড়ি বাধা হয়ে দাঁড়ায়। ঘটনার দিন এ নিয়ে স্ত্রী ও শাশুড়ির সাথে সকাল থেকেই তুমুল ঝগড়াঝাটি চলছিল।

এক পর্যায়ে বাড়ির পাশের মাঠের একটি গাছের সাথে রশি দিয়ে আত্মহত্যারও চেষ্টা করে সে। পরে তার স্ত্রী ও শাশুড়ি তাকে মাঠ থেকে ধরে আনেন। কিছুতেই মিটমাট হচ্ছিলনা।

পরে ধারালো হাসুয়া দিয়ে প্রথমে স্ত্রীকে কয়েকটি কোপ মারে। পরে শাশুড়ি ঠেকাতে গেলে তাকেও কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়। হত্যা করে নিজ গ্রামে গিয়ে আত্মগোপনে চলে যান ঘাতক সুলতান বাদশা।

ধরা পড়ার ভয়ে দিনের আলোয় আত্মগোপনে থেকে রাতের আধারে দুরে চলে যাওয়ার চেষ্টা করে সে। এক পর্যায়ে স্থানীয় গ্রামবাসির সহযোগীতায় গাংনী থানা পুলিশের হাতে আটক হয় এই ঘাতক।

এদিকে বুধবার দুপুরের দিকে নিহত রঙ্গিলার স্বামী শওকত আলী বাদী হয়ে গাংনী থানায় ৩০২/৩২৬/৩০৭ ধারায় একটি হত্যা মামলা দায়ের করেন। যার মামলা নং ১৯, তারিখ ২৪/০৮/২০২২ ইং। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

উল্লেখ্য, গত ২৩ আগষ্ট মঙ্গলবার বেলা ১১ টার দিকে ঝগড়া ঝাটির জের ধরে স্ত্রী রিংকি খাতুনকে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে রক্তাক্ত করে। এসময় রঙ্গিলা খাতুন তার মেয়ে রিংকিকে বাঁচাতে এলে তাকে হাসুয়া দিয়ে কুপিয়ে হত্যা করে পালিয়ে যায় সুলতান বাদশা।

গাংনীতে গৃহবধুকে ধর্ষণ চেষ্টার অভিযোগ দুই যুবকের বিরুদ্ধে

গাংনী উপজেলার সীমান্তবর্তি কাজিপুর গ্রামে এক গৃহবধুকে ধর্ষণের অপচেষ্টা চালিয়েছে পিন্টু (২৪) ও তার সহযোগী আশিক (২২) নামের দুই যুবক।

পিন্টু কাজিপুর গ্রামের বর্ডারপাড়া এলাকার বাবর আলীর ছেলে ও আশিক একই পাড়ার লিয়াকত আলীর ছেলে।

স্থানীয় মাঠের নিজ জমিতে ওই গৃহবধু গ্যামা ঘাস কাটতে গেলে এ ঘটনা ঘটে। গৃহবধু বাদী হয়ে গাংনী থানায় ধর্ষণের অপচেষ্টার অভিযোগ এনে মামলা দিয়েছেন।

স্থানীয় কাজিপুর ইউনিয়ন পরিষদের ৩ নং ওয়ার্ডের সদস্য আজিজুল হক বলেন, প্রবাস ফেরতের স্ত্রী বাড়ির পাশেই তার নিজ জমিতে গ্যামা ঘাস কাটতে গেলে পিন্টু ও আশিক নামের দুই যুবক তাকে জড়িয়ে ধরে শ্লিলতাহানির চেষ্টা চালিয়েছে বলে ওই গৃহবধু অভিযোগ করেছেন। যেহেতু বিষয়টি স্পর্শকাতর তাই থানায় মামলা করার পরামর্শ দিয়েছি।

ওই গৃহবধু জানান, আমি আমার বাড়ির গবাদী পশুর জন্য বাড়ির পাশেই নিজের জমির গ্যামা ঘাস কাটতে গেলে পিন্টু আমাকে জড়িয়ে ধরে ধর্ষণের চেষ্টা চালায়। আমি চিৎকার দিলে স্থানীয়রা ছুটে আসেন। পরে তারা পালিয়ে যায়।

স্থানীয়রা নাম প্রকাশ না করার শর্তে জানান, আশিকের বিরুদ্ধে এর আগেও ধর্ষণের অভিযোগ উঠেছিল। স্থানীয়দের ম্যানেজ করে সে যাত্রায় পার পেয়েছে। তারা স্থানীয় এক ফেনসিডিল ব্যবসায়ীর ফেনসিডিল বহনকারী হিসেবে কাজ করে বলে জানান স্থানীয়রা।

এই রিপোর্ট লেখা পর্যন্ত রাত ৮.১২ মিনিটের ওই গৃহবধু গাংনী থানায় মামলা করার জন্য অপেক্ষা করছেন বলে জানান। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, আমি একটু বাইরে আছি। থানায় গিয়ে অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষ আইনগত ব্যবস্থা নেবো।

কোটচাঁদপুর বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিএনপি’র বিক্ষোভ ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বুধবার বিকালে কোটচাঁদপুর স্থানীয় বাজার চত্বরে জ্বালানি তেল,পরিবহন ভাড়া, বিদ্যুৎতের অসহানীয় লোডশেডিং, দ্রব্য মূল্য বৃদ্ধি, ভোলায় পুলিশ কর্তৃক গুলি করে ছাত্র দল নেতা নুরে আলম ও স্বেচ্ছাসেবক দল নেতা আব্দুর রহিম হত্যার প্রতিবাদে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিএনপি জাতীয় নির্বাহী কমিটি সহ সাংগঠনিক সম্পাদক জয়ন্ত কুমার কুন্ডু।

বিক্ষোভ সমাবেশে সভাপতিত্ব করেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। প্রধানবক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটি সহ তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপির সভাপতি এ্যাডঃ এম এ মজিদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা। জেলা বিএনপির সাংগাঠনিক সম্পাদক সাজেদুর রহমান পপ্পু।

সভায় বক্তব্য রাখেন কোটচাঁদপুর উপজেলার সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান ও বিএনপি নেতা একরামুল হক, পৌর বিএনপির সহসভাপতি আব্দুর রশিদ সর্দার। এ ছাড়া উপস্থিত ছিলেন কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত হোসেন, সাংগাঠনিক সম্পাদক হারুন অর রশিদ, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম, সাংগঠনিক সম্পাদক মীর্জা টিপু। উপজেলা যুব দলের আহবায়ক আশরাফুজ্জামান খান মুকুল, পৌর যুবদলের আহবায়ক ফয়েজ আহমেদ তুফান।

এর আগে বিক্ষোভ সমাবেশে যোগ দিতে কোটচাঁদপুর উপজেলার বিভিন্ন এলাকা থেকে নেতা-কর্মীরা স্থানীয় মেইন বাসস্ট্যান্ডে এসে জড়ো হতে থাকে। পরে মিছিল বের হয়ে কোটচাঁদপুর বাজার চত্বরের সমাবেশে যোগ দেন। সভাটি সঞ্চালনা করেন কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল।

[redacted]

[redacted]

কুষ্টিয়ায় পাসপোর্ট অফিসে দুদকের অভিযান, ৩ দালালের কারাদণ্ড

কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসে অভিযান চালিয়েছে দুর্নীতি দমন কমিশনের (দুদক)। দালালদের দৌরাত্ম্য এবং ঘুষ দুর্নীতির অভিযোগে পরিচালিত এ অভিযানে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিস থেকে তিন দালালকে আটক করা হয়েছে। পরে আটককৃতদের বিভিন্ন মেয়াদে কারাদণ্ডসহ অর্থদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালত।

বুধবার দুপুরে দুদক সমন্বিত কুষ্টিয়া কার্যালয়ের সরকারি পরিচালক নীল কোমল পালের নেতৃত্বে এ অভিযান চালানো হয়। পরে ভ্রাম্যমাণ আদালতে তাদের বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দবির উদ্দিন।

দণ্ডপ্রাপ্ত ব্যক্তিরা হলেন, সদর উপজেলার চৌড়হাস আদর্শপাড়া সলক আলীর ছেলে রিপন (২৭), চৌড়হাস এলাকা ছরোয়ার হোসেনের ছেলে মহিবুল (৪০) এবং সাতক্ষীরা জেলার কলারোয়া উপজেলার আবুল কাসেমের ছেলে দেলোয়ার হোসেন (৪০)। এর মধ্যে মহিবুল এবং দেলোয়ারকে তিন মাসের কারাদণ্ডসহ পাঁচ হাজার টাকা জরিমানা এবং রিপনকে এক মাসের কারাদণ্ডসহ পাঁচ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়।

দুদক ও ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, পাসপোর্ট অফিসে সেবা নিতে আসা মানুষ দালালের মাধ্যমে হয়রানির শিকার এবং কিছু অসৎ কর্মচারী ঘুষের বিনিময়ে কাজ করছেন।

এমন অভিযোগের ভিত্তিতে সেখানে অভিযান পরিচালনা করে দুদক। পরে তারা পাসপোর্ট অফিসের ভেতর থেকে তিনজনকে আটক করে।

অভিযানের সময় পাসপোর্ট অফিস থেকে এক লাখ ৩৩ হাজার টাকা উদ্ধার করা হয়। এ ছাড়াও অফিসের বিভিন্ন গুরুত্বপূর্ণ ফাইলপত্র তল্লাশি এবং সেগুলো পর্যালোচনা করে দুদক।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট দবির উদ্দিন বলেন, অভিযোগের

ভিত্তিতে দুদকের পক্ষ থেকে সেখানে অভিযান চালিয়ে তিন দালালকে আটক করা হয়। পরে তাঁদের বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করা হয়েছে।

দুর্নীতি দমন কমিশনের কুষ্টিয়ার সমন্বিত কার্যালয়ের উপ-পরিচালক মোহাম্মদ জাকারিয়া বলেন, অভিযানে হাতে নাতে তিন দালালকে আটক করা হয়েছে।

এ ছাড়া এখান থেকে বেশ কিছু নগদ টাকা উদ্ধার এবং কিছু কাগজপত্র পর্যালোচনা করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে একটি রিপোর্ট পাঠানো হবে। পরে সেখান থেকে পাওয়া নির্দেশনা মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

এ বিষয়ে কুষ্টিয়া আঞ্চলিক পাসপোর্ট অফিসের উপপরিচালক জাহিদুল ইসলাম, সেখানকার দায়িত্বে থাকা আনসার সদস্যসহ দালালদের বিরুদ্ধে অভিয়োগ উঠে আসে। সম্প্রতি গণমাধ্যমে বিষয়টি নিয়ে লেখালেখি করলে নজরে আসে দুদকের।

গাংনীতে র্যাবের অভিযানে তিনটি ককটেলসহ ২ জন আটক

র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-৬) এর একটি টিম গাংনী উপজেলার ভাটপাড়া এলাকায় অভিযান চালিয়ে ৩ টি ককটেলসহ দুই জনকে আটক করেছেন।

আটকরা হলেন, গাংনী উপজেলার কুঠি ভাটপাড়া গ্রামের সাকেম মন্ডলের ছেলে ছিফাত মন্ডল(৫৫) ও কোদাইলকাটি গ্রামের মৃত সালাম মিয়ার ছেলে আব্দুল আলিম স্বপন(৩৫)। এসময় তাদের কাছ থেকে একটি মোবাইল ফোন ও নগদ ১৪০০ শ টাকা উদ্ধার করা হয়েছে।
র্যাব-৬ ঝিনাইদহের একটি টীম মঙ্গলবার (২৩ আগষ্ট) দিবাগত মধ্যরাতে গাংনীর কুঠি ভাটপাড়া থেকে আটক করে।

আজ বুধবার (২৪ আগষ্ট) বিকেলে বিস্ফোরক আইনে মামলা দিয়ে আটকদের গাংনী থানায় হস্তান্তর করা হয়।

র্যাব-৬ গাংনী ক্যাম্পের ডিএডি নুরুল আমিন জানান, নাশকতা মূলক

কর্মকান্ডের জন্য বিষ্ফোরকসহ কয়েকজন ব্যক্তি অবস্থান করছে এমন সংবাদের ভিত্তিতে কুঠি ভাটপাড়ায় অভিযান চালানো হয়।
এসময় আটককৃতদের কাছ থেকে একটি ব্যাগে তিনটি ককটেল পাওয়া গেলে তাদেরকে আটক করে ঝিনাইদহ ক্যাম্পে নেয়া হয়।
গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন র্যাব-৬ এর দায়ের করা মামলার আসামীদেরকে মেহেরপুর আদালতে হস্তান্তরের প্রস্তুতি চলছে।

মেহেরপুরে গাঁজাসহ সাইফুল আটক

মেহেরপুর সদর উপজেলার বারাদী ফাঁড়ি পুলিশের একটি টিম অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুল ইসলাম (৩০)কে আটক করেছে।

আটক সাইফুল ইসলাম সদর উপজেলার সিংহাটি উত্তরপাড়া এলাকারমৃত ইউসুফ মন্ডলের ছেলে।

আজ বুধবার (২৪ আগষ্ট) ভোররাতের দিকে বারাদী পুলিশ ক্যাম্পের ইনচার্জ এসআই(নিঃ) মফিজুল ইসলামের নেতৃত্বে একটি টিম গোপন সংবাদের ভিত্তিতে অভিযান সিংহাটি গ্রামে অভিযান চালিয়ে ১১০ গ্রাম গাঁজাসহ সাইফুলকে গ্রেফতার করে।

এঘটনায় আসামী সাইফুলের বিরুদ্ধে সদর থানায় ৩৬(১) সারণির ১৯(ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮; ধারায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে। মামলা নং-২৭, তাং-২৪/০৮/২০২২। আজ বুধবার (২৪ আগষ্ট) আদালতে সোপর্দ করা হয়েছে।